# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৬৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯. কিবলামুখী হয়ে পায়খানায় বসা

بَابُ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْخَلَاءِ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ إِبْرَاهِيمَ ، نَا بِشْرُ بْنُ مُوسَى ، نَا يَحْيَى بْنُ إِسْحَاقَ ، نَا حَمَّادُ بْنُ سَلَمَةَ ح : وَثنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ الْوَاسِطِيُّ ، نَا مُوسَى بْنُ إِسْحَاقَ ، نَا أَبُو بَكْرٍ ، نَا وَكِيعٌ ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ ، عَنْ خَالِدٍ الْحَذَّاءِ ، عَنْ خَالِدِ بْنِ أَبِي الصَّلْتِ ، عَنْ عِرَاكِ بْنِ مَالِكٍ ، عَنْ عَائِشَةَ بِهَذَا ، قَالَتْ : فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " اسْتَقْبِلُوا بِمَقْعَدَتِي الْقِبْلَةَ " . وَقَالَ يَحْيَى بْنُ إِسْحَاقَ خَرَجَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَهُمْ يَذْكُرُونَ كَرَاهِيَةَ اسْتِقْبَالِ الْقِبْلَةِ بِالْفُرُوجِ ، فَقَالَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " قَدْ فَعَلُوهَا حَوِّلُوا مَقْعَدَتِي إِلَى الْقِبْلَةِ " . وَهَذَا مِثْلُهُ

বাংলা

১৬৩(৭). মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে ইবরাহীম (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে এ হাদীস প্রসঙ্গে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা উভয় পাদানি কিবলার দিকে ফিরিয়ে দাও। ইয়াহইয়া ইবনে ইসহাক (রহঃ) এর বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে এলেন এবং তখন তারা কিবলামুখী হয়ে পায়খানা-পেশাব করা অপছন্দনীয় হওয়ার বিষয় আলোচনা করছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তারা কি তা করেছে? তোমরা শৌচাগারের পাদানি কিবলার দিকে স্থাপন করো। এটাও পূর্বের হাদীসের অনুরূপ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন